কীলক-খোটা ; গোঁজ।
ক্রতু-যজ্ঞ ; পূজা ; যাগ।
ক্রম-চরণ ; আক্রমণ।
কর্ষণ-আকর্ষণ ; টানন।
কিঙ্কর-দাস ; সেবক।
ক্রূর-পরদ্রোহকারী ; নৃশংস।
কবল গ্রাস ; মৎস্যবিশেষ।
কাচুয়া-কপটবেশধারী।
ক্রুশ-ত্রিশূলকাষ্ঠ ; দণ্ডকাষ্ঠ।
কালবরি-যে পর্ব্বতে যেশু [মরেন ; পাপির আশ্রয়।
কৃতাঞ্জলি-অঞ্জলিবদ্ধ।
কচি-কোমল ; নূতন ; নরম।
কষ্ট-পীড়া ; ক্লেশ ; বিপদ।
কাকুতি-কাতরোক্তি ; খেদ।
কেতু-পতাকা ; নিশান।
কীর্ত্তন কথন ; গুণব্যাখ্যা।
কানন-বন ; অরণ্য ; গৃহ।

খ —আকাশ ; সূর্য্য।
খগবর্ত্তী পৃথিবী, ধরণী।
খ্যাত প্রসিদ্ধ ; খ্যাতিযুক্ত।
খগোল-আকাশমণ্ডল।
খুল্লম-পথ ; পন্থা ; মার্গ।
খারা-অকপট ; সরল।
খর্ব্ব-ক্ষুদ্র ; খাট ; ছোট।
খনি স্বর্ণাদির আকর।
খাদ-স্তম্ভ ; খাম্বা।
খইন-গভীর ; অগাধ।
খোর-খঞ্জ ; খোঁড়া ; পঙ্গু।
খো-আকাঙ্ক্ষা ; বাঞ্ছা।
খ্রীষ্ট-বিধিমতে নিযুক্ত।

গন্ধার-গণেশ ; গলস্তন ছাগ ; অজা।
গজবদন-গণেশ ; হস্তিমুখ। গগনকুসুম-অলীক ; খপুষ্প।
গতপ্রভ-প্রভাহীন ; অন্ধকার। গগনধ্বগ-সূর্য্য ; রবি।
গন্ধমাতা-অবনী ; পৃথ্বী। গভস্তি-কিরণ ; রশ্মি।
গরলী-বিষাল ; সর্প। গুলফ গোড়ারি ; গোড়মুড়।
গুণনিধি-বহুগুণাধার। গুণকৃত-উপকারী ; দাতা।
গড্ডলিকা-মেষ যুথ। গদগদ-আহ্লাদে কি খেদে [অব্যক্ত কথন।
গণবদ্ধ-দলভুক্ত ; সম্প্রদায়স্থ। গুরুপাপি-মহাপাপী।
গণ্ডমূর্খ-অতিশয়মূর্খ ; অতিশয় অজ্ঞ।
গৃহমণি-প্রদীপ ; দীপ। গণ্য-গণনার যোগ ; গণনীয়।
গতায়ুঃ-আয়ুঃশেষ। গতার্থ-অভিপ্রায়সিদ্ধ।
গতিবিহীন-গতিহীন। গবেষণ সন্ধান ; অন্বেষণ।

ঘণ্কার-ঘণ্টা ; ঠুনঠুন। ঘনঘন-মেঘধ্বনি।
ঘৃণি-কিরণ ; সূর্য্য ; জল। ঘাতন-হনন ; বধ ; মারণ।
ঘনবীথি-মেঘশ্রেণী। ঘৃষ্ট ঘর্ষিত ; পেষিত।
ঘাতন-হনন ; বধ ; মারণ। ঘুটি-গুলফ ; গোড়ারি।
ঘোষাণ-জ্ঞাতকরণ ; পড়ান। ঘোষণা উচ্চৈঃশব্দে প্রচার।
ঙকার-বিষয়স্পৃহা ; ভৈরব।

চ-চন্দ্র ; চোর। চকায়-শিব ; কচ্ছপ।
চক্রভেদনী-রাত্রি ; রজনী। চটুল-সুন্দর ; মনোহর।

চন্দ্রকান্তা-রাত্রি ; রজনী। চমক-উজ্জ্বলতা ; প্রভা।
চিত্ত-মনঃ ; হৃদয়। চিত্তাসঙ্গ-স্নেহ ; প্রেম ; প্রণয়।
চারচক্ষুঃ-রাজা ; নৃপতি ; চিত্রোক্তি-আকাশবাণী।
চটু-প্রিয়ভাষণ ; উদর। চঙ্কাঃ-শিক্ষক ; উপাধ্যায়।
চিত্রকণ্ঠ-কপোত ; পায়রা। চিদাত্মা-জ্ঞানময় আত্মা।
চেতনেশ্বর-পরমেশ্বর। চর্ম্মজ-রক্ত ; শোণিত।
চক্রধর-বিষ্ণু ; সর্প। চরণামৃত-পাদোদক।
চারুফল দ্রাক্ষা ; আঙ্গুর। চৈতন্য-জ্ঞানজনক; জ্ঞানাত্মক।
চ্যুত-ক্ষরিত ; পতিত। চক্রপাণি-শ্রীকৃষ্ণদেব।
চক্রমণ্ডলী-সর্প বিশেষ। চক্রভৃৎ-চক্রধারী ; বিষ্ণু।
চক্রী-বিষ্ণু ; সর্প ; কলু। চণ্ডালিকা-দুর্গা ; ভগবতী।
চারুগর্ভ-শ্রীকৃষ্ণের পুত্র। চরম-অন্তিম ; অবসান ; শেষ।
চণ্ডী-গৌরী ; দুর্গা। চক্রবাল দিকসমূহ ; পর্ব্বতমণ্ডলাকার ; লোকালোক।
চক্রবান্ধব-সূর্য্য ; রবি। চটুলা-বিদ্যুৎ ; চঞ্চলা।
চমু-সৈন্যসামন্ত ; পদাতি-সমুদয় ৩৬৪৫ এতাবৎ। চন্দ্রিকা-জ্যোৎস্না।
চপলা-চঞ্চলা ; অস্থিরা। কিঙ্কুড় বজ্র ; বাজ ; বিদ্যুৎ।
চিহ্নিত-চিহ্নযুক্ত ; অঙ্কিত।

ছ তরল ; নির্ম্মল। ছত্বর-গৃহ ; কুঞ্জ ; ঘর।
ছটাময়-দীপ্তিময় ; শোভা। ছাঁকনি চালুনী ; ঝাঁঝরি।
ছাঁদন-বাধন ; বাঁধা। ছুপন-আক্রমণ ; ধারণ।

ছমণ্ড-পিতৃহীনবালক। ছেপ-থুথু ; নিষ্ঠীবন।
ছড়-বড়শা ; ক্ষতচিহ্ন। ছত্রভঙ্গ-নৃপনাশ ; অরাজক।
ছেদিক-বেত্র ; বেত।

জয়-শত্রু পরাভব করণ।
জীবাধান-জীবনদান। জীবন-প্রাণ ; ধারণ।
জল্লাদ-হত্যাকারী। জগতিধর-পর্ব্বত ; ভূধর।
জীবনাকর-গজাল ; প্রেক। জলই-গজাল ; প্রেক।
জীয়ান-জীবন দানকরণ। জনপদ-বসতি স্থান ; দেশ।
জুতল-সুগঠন ; সুন্দর। জগদীশ-জগতের কর্ত্তা।
জনববল্লভ-সর্ব্বপ্রিয়। জীতেন্দ্রিয়-বশীকৃত ইন্দ্রিয়।
জজ-যোদ্ধা ; লডাক। জম্পতী-দম্পতী ; জায়াপতী।
জীবনান্ত-জীবন অন্ত। জ্যোতিঃ-নক্ষত্র ; প্রকাশ।
জলধর-মেঘ ; মুস্তক। জগদযোনি-জগতেরউৎপাদক।
জনান্তিক-অপ্রকাশ। জঙ্গমগ-কলুষ ; পাপ ; ঢাকা।
জনাশন-নেকড়েবাঘ। জম্ভভেদী-ইন্দ্র ; দেবরাজ।

ঝ-ঝঞ্ঝাবাত ; বৃহস্পতি। ঝকার দৈত্যপতি ; নিদ্রিত।
ঝল্ক-তরঙ্গপাত। ঝটিতি-দ্রুত ; শীঘ্র ; ত্বরিত।
ঝড়কন-ভৎসন ; ধমকান। ঝামরণ-কাপন ; ক্ষরণ।
ঝাপসা-দৃষ্টির অন্যথা। ঝলবাল-দীপ্তিমান ; উজ্জ্বল।
ঝুণ্ড-সমুহ ; যূথ ; ব্যূহ। ঝঝর-জলাদির পতন শব্দ।
ঝলকণ্ঠ কপোত ; পায়রা। ঝাঁঝরা-বহুছিদ্রান্বিত।

ঝঞ্ঝা-বড়ঝড়। ঝম্পা-পতন ; লাফান ; লম্ফ।
ঝাঁকন-আক্রমণ ; হেলন।
ঞ—শুক্র ; ষণ্ড ; যোগী। ঞকার-ব্যঞ্জনের দশমবর্ণ।

টকার—শব্দ ; বামন। টণ্ডাই-বিবাদ ; কলহ।
টার-গৃহ ; বাটী ; ঘর। টঙ্কার-বিস্ময় ; প্রসিদ্ধ।
টেরচা-একপেশে। টের-জ্ঞান ; সন্ধান ; প্রাপ্ত।
টহলান-ভ্রমণ। টোপর-মুকুট ; মস্তকাবরণবস্ত্র।
টেটা-লৌহময়অস্ত্রবিশেষ। টোকর-আঘাত ; চোট ; টক্কর।
টক্‌টক-রক্তবর্ণ ; লাল রং। টঙ্কন চিহ্নকরণ ; অঙ্ক।
টুণ্টক-নীচ ; অধম। টনক-কঠিন ; হঠাৎ স্মরণ।
টোকক-কুৎসাবাদী। টিট টিটকার ; উচ্চধ্বনি ; নিন্দা।
টট্টুর ভেরীশব্দ ; ঢেড়ারাধ্বনি।

ঠ -প্রতিমা ; মহাধ্বনি। ঠকার-শিব ; ইন্দ্রিয়গ্রাহ্যবস্তু।
ঠক্কুর-ঠাকুর ; দেবগণ। ঠেলন হেলন ; অমান্যকরণ।
ঠৌর-স্থৈর্য্য ; চৈতন্য। ঠেস-অবলম্বন ; আশ্রয়।
ঠকঠকীতে-বিপদেতে ; দায়েতে।

ড-শিব ; শব্দ , ধ্বনি। ডকার ত্রাস ; বাড়বাগ্নি ; বাদ্য।
ডমর-ভয়ে পলায়ন। ডমরু-চমৎকার ; ডমরুবাদ্য।
ডয়ন-নভোগতি। ডাকা-দস্যু ; সাহসী ; ডাকাত।
ডহর গহ্বর ; নিম্নস্থান। ডঙ্কা-বাদ্যবিশেষ।

ডুকরণে-মনস্তাপ ; খেদ। ডিম্ভক-বালক ; শিশু।
ডিম্ভ-মূর্খ ; অজ্ঞ ; শিশু। ডলন-মর্দ্দন ; পেষণ ; ঘর্ষণ।

ঢ—টবর্গের চতুর্থবর্ণ। ঢকার-ঢক্কা ; কুক্কুর ; ধ্বনি।
ঢুনটি-গণেশ ; হৈরম্ব। ঢক্কারী-দুর্গা ; দেবী।
ঢপ-মূর্ত্তি ; ধারী ; চলন। ঢঙ্গ-খল ; শঠ ; ছলবেশ ;
ঢুনঢন-অন্বেষণ ; খোজন। ঢলা কৃশ ; শুষ্ক ; ম্লান।
ঢাণ্ডা-লোকসমূহ। ঢসন-ভগ্নহস্ত ; নিঃসরণ।

ণ-জ্ঞান ; নিশ্চয় ; শিব। ণকার-জল ; দান ; গ্রীষ্মাগার
ণকারালঙ্কার-জ্ঞানালঙ্কার।

ত্বং-তুমি। ত্রাতা রক্ষাকর্ত্তা ; রক্ষক।
ত্বং-ভিন্ন ; পৃথক। তনু-শরীর ; দেহ ; সূক্ষ্ম।
ত্রয়-তিন ; ত্রিসংখ্যারূপ। তীর্ণ-উত্তীর্ণ ; অভিভূত।
তক্ষা-সূত্রধর ; ছুতার। ত্রিবিষ্টপ স্বর্গ ; সুরলোক।
তাতার-পিতার। ত্রিকালজ্ঞ-যে তিনকাল জানে।
তবীষ-স্বর্গ ; সমুদ্র ; স্বর্ণ। তর্ণ-বৎস ; শিশু ; শাবক।
তুণ্ডে-বদনে ; মুখে। তীক্ষ্ণ-খর ; উষ্ণ ; উগ্র ; প্রজ্ঞ
তান-গানাঙ্গ ; বিশেষ। লৌহ ; যুদ্ধ ; শীঘ্র।
তিমির-অন্ধকার ; অজ্ঞান। তর্ণি-সূর্য্য ; ভানু ; রবি।
তপন-সূর্য্য ; গ্রীষ্ম ; দাহ ; তলোদরী-ভার্য্যা ; স্ত্রী।
নরক। তনয়-সন্তান ; আত্মজ ; সুত।

তনয়া কন্যা; পুত্রী; সুতা।

ত্রিত্ব-তিন; পিতা; পুত্র; পরিত্রাণ।

তন্নং-তাহানয়ং; খণ্ডং।

তম-অন্ধকার; পাপ; শোক।

তচ্চিন্তা-তাহার চিন্তা।

তরঙ্গ-লহরী; ঢেউ; ঊর্ম্মি।

তরুনখ-কণ্টক; কাঁটা।

তল-অধোভাগ; নিম্ন; তলা।

তলাতল-রসাতল; পাতাল।

তাদর্থে-তৎপ্রয়োজনে।

ত্বরা-বেগে; শীঘ্র; দ্রুত।

তর্ণিদিন-রবিবার; বিশ্রামবার।

তরল-চঞ্চল; দীপ্তিযুক্ত;

তাত-পিতা; জনক; আর্য্য।

তল্লজ-প্রশস্ত; উৎকৃষ্ট, উত্তম।

তলিনে-শয্যাতে; বিরলে।

তোয়-জল; সলিল; বারি;

তঙ্ক শোক; ত্রাস; শঙ্কা, কুঠার;

তঙ্কী-তত্ত্ব; অনুসন্ধান; অন্বেষণ।

তুষ্টীক-মৌনী; নিঃশব্দ।

তরণী নৌকা; তরি; [illegible]

তপস্যা-পুণ্যোদ্দেশে; ক্লেশজনক কর্ম্ম, ঈশ্বর সেবা।

তৎ-সেই; তিনি; তাহা।

তৃণমৎকুন-প্রতিভূ; লগ্নক।

তীরিত-সমাপ্ত; সিদ্ধ।

তৃতীয়-তিনের পূরণ।

থ-রক্ষণ; মঙ্গল; ভয়-চিহ্ন; পর্ব্বত।

থানা-আড্ডা; চৌকি-স্থান; দস্যুদের মিলন-স্থান।

থুবড়ন অধোমুখেপতন; নত হইয়া পড়ন।

থকার ভয়; ধ্বংশ, ভক্ষণ; ব্যাধি বিশেষ।

থরং-কম্পান্বিত; কম্পিত।

থূৎকার-থুথু ফেলন; নিষ্ঠীবন-ত্যাগানুকরণ।

থুতি-মুখ; চিবুক; দাড়ি।

থা-স্থান; স্থির; নিশ্চিত।

দ-ভার্য্যা ; অচল; দাতা। দকার-দান, ভাগ করণ।

দণ্ডদাতা-শাসন কর্ত্তা ; শাস্তা ; রাজা; বিচারক। দারা-স্ত্রী ; ভার্য্যা ; পত্নী। দরিত-ভীত ; ত্রাসিত ; শঙ্কিত ;

দ্বয়-দুই ; উভয় ; যুগ্ম। দণ্ডধর-রাজা ; ভূপতি ; যম।

দর্শান-দেখান ; দর্শন করান ; প্রকাশন। দক-জল ; সলিল, বারি।

দণ্ডনায়ক-সেনাপতি ; সেনানী।

দ্রুনখ-কণ্টক কাঁটা। দর্দ্দর-পর্ব্বত ; গিরি ; ঈষদ্ভগ্ন ;

দুর্ব্বৃত্ত-দুর্জ্জন ; দুরাত্মা উপদ্রবী ; অবাধ্য। দণ্ডকাষ্ঠ-ফাঁসিকাষ্ঠ, ক্রুশকাষ্ঠ। দেহান্তে-পঞ্চত্ব ; তনুত্যাগে।

দারুণ-ভয়ানক ; কঠিন অসহ্য। দিবোকা-চাতকপক্ষি ; দেবতা। দৃকপাত-অবলোকন ; দৃষ্টিপাত।

দদন-দান ; বিতরণ। দীননাথ-দরিদ্র পালক ; দীনরক্ষক

দানসৌণ্ড-অতিশয়-দাতা ; বদান্যতা। দীন-দরিদ্র ; দুঃখি ; ম্লান ; দৃষ্টান্ত উদাহরণ ; উপমা।

দ্যো-স্বর্গ ; সুরলোক। দুর্দ্দিন-মন্দদিন ; ঝড় ; বাদল ; বিপৎকাল।

দুর্ব্বল-কৃশ ; অশক্ত অসমর্থ ; বলহীন। দুর্গতি-ক্লেশ ; দুরবস্থা ; দরিদ্রতা

দ্বেষ-হিংসা ; শত্রুতা, বিরোধ। দূষ্য-নিন্দনীয় ; দূষণীয় ; বস্ত্র। দান্ত-সুশাসিত ; বশীভূত।

ধ-ধন।

ধকার-ধর্ম্ম; ব্রহ্ম ; কুবের। ধ্যান-চিন্তন ; ভাবন ; যোগ।

ধীন্দ্রিয়-জ্ঞানেন্দ্রিয় ; মন-শচক্ষুঃ। ধ্বান্ত-অন্ধকার ; তমঃ।

ধৃক্কি-কিরণ ; রশ্মি ; দীপ্তি।

ধন্দা-দৃষ্টিভ্রম, অন্ধতা; ভ্রম।
ধূম্রলোচন-কপোত; পায়রা।
ধৈর্য্য-স্থিরতা; ক্ষমা সহিষ্ণুতা।
ধরণী-অবনী, পৃথিবী।
ধাম-গৃহ; বসতি স্থান; দেশ, প্রভা; আলো।
ধড় দেহ; কায়; শরীর।
ধন্য-কৃত কর্ম্মা; সাধু; ভাগ্যবান, পুন্যবান।
ধ্বংসক-নাশ কর্ত্তা; বিনাশক; হিংসক।
ধাওন-ধাবন; দৌড়ন।
ধারাঙ্গ-তীর্থ; খড্‌গ।
ধর্ম্মময়-পুন্যময়; শুভাদৃষ্ট সব।
ধাবন-বেগে গমন; দৌড়ন।
ধী-মতি; জ্ঞান; বুদ্ধি।
ধীর-পণ্ডিত; ধৈর্য্যান্বিত; অচঞ্চল; প্রজ্ঞ।
ধারণ-গ্রহণ; অবলম্বন; রাখন; ঋণ গ্রহণ।
ধরিত্রী-পৃথিবী; অবনী; পৃথ্বী।
ধরা-পৃথিবী; গর্ভাশয়; মেদ; ধৃত; রক্ষিত।
ধার-দেনা; ঋণ; জলধারা।
ধ্বংস-নাশ; ভ্রংশ; হনন।
ধ্বনি-নাদ; শব্দ; রব; বাক্য বিশেষ।

ন প্রশংসা, নহে, নিষেধ; নকার-বোদ্ধ; গণেশ; বন্ধন, রণ। দান।
নাগ-সর্প; রং; রাং; হস্তী, সীস, নাগকেশর ফুল।
নিটল-কপাল; ভাল।
নিগড়-বেড়ী; লৌহ নির্ম্মিত শৃঙ্খল।
নিস্ত্রিংশ-খড্‌গ; অসি; নিষ্ঠুর।
নাশা-নাশ বিশিষ্ট; নষ্টকারক, ছিদ্র রোধ করণ।
নভাক-তমঃ, অন্ধকার; তিমির।
নফর-ভৃত্য; সেবক; চাকর।
নিষেধ নিবারণ, বারণ, মানাকরণ।

নাশ্য-নষ্ট করিবার যোগ্য; বিনশ্বর, অনিত্য।
নরী-নরজাতীয়স্ত্রী; নারী, অবলা।
নগ-বৃক্ষ; পর্ব্বত; অচল।
নেত্র-চক্ষু; নয়ন; অক্ষি।
নিদেশ-আজ্ঞা; আদেশ; অনুমতি।
নির্ঘাত-বাতাসের অভিহত হইয়া; যে শব্দ হয়; মহাশব্দ বজ্রাঘাত
নিরঞ্জন-বিসর্জ্জন, ত্যাগ, নির্ম্মল; নিষ্কলঙ্ক।
নশ্বর-নাশ্য; ধ্বংসযোগ্য, অস্থায়ী।
নিরন্তর-নিবিড়, ঘন, অনবরত; অবিচ্ছেদ; সর্ব্বদা।
নির্ব্বাসন-দূরীকরণ; নগরাদিহইতে বাহির করণ।
নীর-জল; সলিল; পয়।
নিকারণ-মারণ; বধ করণ।
ন্যুব্জ-বক্র; কুব্জ; অধোমুখ।

নরান্তক-রাক্ষস; কৌনপ; যম।
নিষ্ঠুর-পুরুষ; কঠোর; নির্দ্দয়; ক্রূর।
নিষ্কাশন-দূরীকরণ; তাড়ন; বহিষ্করণ।
নেহারণ-দর্শন; অবলোকন, দেখন।
নগ্ন-নেংটা; বিবস্ত্র; দিগম্বর।
নিত্য-স্থির; নিশ্চিত, সনাতন।
নিঃশেষ-সম্পূর্ণ, সমাপ্ত, শেষরহিত
নিশাপাল-চৌকিদার; প্রহরী।
নিবাস-গৃহ; বসতি স্থান।
নিঃশঙ্ক-নির্ভয়; নিরাপদ।
নির্ব্বাসন-দূরীকরণ, নগরাদি হইতে বাহির করা।
নিস্তারক-ত্রাণকর্ত্তা; উদ্ধারকর্ত্তা।
নাথ-স্বামী; প্রভু; প্রতিপালক।
নরমেধ-যে যজ্ঞে মনুষ্য বধ করিয়া আহুতি দেয়।
নীরনিধি-সমুদ্র; সাগর; জলধি।
নিরস্ত-ক্ষান্ত; নিবৃত্ত; নিরাকৃত।

নামাঙ্কিত-নামচিহ্নিত ; নাম খোদিত।
নরকীলক গুরুহত্যাকারী ;গুরুঘ্ন।
নরেশ্বর-দেশাধিপতি ;
নিস্তুল-অসম ; অসদৃশ ; অতুল ; তুলনারহিত।
নিঝুম-নির্ব্বাত ; নিঃশব্দ।
নিম্ন-অধঃ ; নীচ ; নাবাল ; গম্ভীর।
নিস্বন-শব্দ ; ধ্বনি ; নিনাদ।
নাচিকেতু অগ্নি ; অনল ; বহ্নি।
নিরাশ-আশ শূন্য ; হতাশ।
নেত্রাম্বু-অশ্রু ; চক্ষুর জল।
নিষ্প্রভ-প্রভাহীন ; দীপ্তি রহিত।
নিগ্রহ-তাড়না ; প্রহার ; ক্লেশ।

নমস-প্রণাম ; নতি।
নগ্নক-প্রতিভূ ; জামিন।
নভঃ-আকাশ ; গগন ; শ্রাবণমাস।
নমস্য-পূজ্য ; নমস্কারের যোগ্য।
নির্ম্মল-মলরহিত ; স্বচ্ছ ; শুদ্ধ।
নৃপতি-রাজা ; ভূপতি।
নৃপবর-শ্রেষ্ঠরাজা ; রাজাধিরাজ।
নির্ভর-অতিশয় ; অবলম্বন ; ভরসা।
নয়ন-চক্ষু ; নেত্র ; অক্ষি ; প্রাপ্তি।
নলকীল-জানু ; জঙ্ঘা ; হাঁটু।
নিখুঁত-নির্দ্দোষ ; দোষহীন।
নির্ণয়-নিশ্চয় ; অবধারণ।
নৈকট্য-নিকটভাব ; সামীপ্য।
নির্ব্বাণ-অস্তগমন ; অন্তর্দ্ধান ; মোক্ষ
নিধন-ধ্বংস ; নাশ, অদর্শন।
নিরুপায়-উপায়হীন ; আশ্রয়হীন।
নিখিল-সমস্ত ; সমগ্র, সকল।
নিরাহার-অভোজন ; অনশন।
নক্ত-রাত্রি ; নিশা ; রজনী ; যামিনী
নিরস-রসহীন ; রসাভাব, শুষ্ক।
নভোমণি-সূর্য্য ; ভানু ; দিবাকর।

প-রাজপুত্র; সাস্ত্বা। পকার-পবন; পত্র।

পয়োধর-মেঘ; স্তন। পরম-উৎকৃষ্ট, প্রধান, আদ্য, শ্রেষ্ঠ

পুরাতন ইতিহাস, প্রাচীন বৃত্তান্ত।

পুন্য-শুভাদৃষ্ট, ধর্ম, সুকৃতি।

পণ্ড-ক্লীব, নপুংসক, নিরর্থক।

পর্য্যটন-সর্ব্বতোভাবে ভ্রমণ।

প্রাজ্ঞ-পণ্ডিত, নিপুণ, দক্ষ।

পূর্ব্বাপর-অগ্রপশ্চাৎ।

পর্য্যেষণা-গবেষণা; অন্বেষণ, অনুসন্ধান।

প্রতিমা-প্রতিমূর্ত্তি, প্রতিকৃতি, প্রতিবিম্ব, প্রতিচ্ছায়া।

পূজারি-দেবলব্রাহ্মণ, পূজাজীবী।

প্রণিপাত-প্রণাম; প্রণতি, নমস্কার।

প্রদক্ষিণ-চতুর্দ্দিকে ভ্রমণ, দক্ষিণাবর্ত্তে, দেবতার উদ্দেশে ভ্রমণ।

পটল-গ্রন্থ, পরিচ্ছেদ, ছাদ, বৃক্ষ।

পুরাণ-ব্যাসাদি মুনি প্রণীত গ্রন্থ বিশেষ, প্রাচীন।

প্রায়শ্চিত্ত-পাপক্ষয়, মন্ত্রসাধন কর্ম্ম, পাপনাশন কার্য্য।

পচত-সূর্য্য, অগ্নি, ইন্দ্র। পূষা-সূর্য্য, রবি, ভাস্কর।

পাদ্যার্ঘ-পাদপ্রক্ষালনার্থ জল ও পূজার দ্রব্য।

পাদোদক-চরণামৃত, পাদ ধৌত জল।

পানীয়-পানের দ্রব্য, দ্রাক্ষারস।

পূজা অর্চ্চনা, যজন, উপাসনা।

পদার-চরণধুলা। পূজিল দেবতা, পূজ্য, মান্য।

পূত-পবিত্র, শুদ্ধ, শস্থ, পঞ্চত্ব মৃত্যু, মরণ, পাঁচের ধর্ম্ম।

পুদ্গল-আত্মা, দেহ, শরীর, সুন্দরাকার।

প্রপঞ্চ বিপর্য্যাস, ভ্রম, বিস্তার, জগৎ, সংসার।

পতন-পতিত হওন, পাত, পড়ন।

প্রকীর্ত্তন-প্রস্তাবন, বর্ণন, কথন।

পল্লবী বৃক্ষ, দ্রুম, তরু।

পালক-রক্ষক, পোষক, শাসন কর্ত্তা।

পদ্মপাণি সূর্য্য, ব্রহ্মা, পদ্মহস্ত।

পতি-প্রভু, স্বামী, নায়ক, অধিপতি।

প্রসবন-উৎপাদন, জন্মান।

প্রোক্ত-কথিত, প্রকর্ষে, উক্ত।

প্রভা-দীপ্তি, আলোক, প্রকাশ।

পয়োধি-সাগর, সমুদ্র, বারিনিধি।

পতঙ্গ-সূর্য্য, ফড়িঙ্গ, পক্ষী পারদ চন্দন।

পর্ব্বধি-চন্দ্র, বিধু, শশাঙ্ক।

পুং-পুংলিঙ্গ, পুরুষ বাচক, নর।

পেশল-চারু, মনোহর, সুন্দর, নিপুন, ধূর্ত্ত, দক্ষ।

পত্নী-বিবাহিতা স্ত্রী, ভার্য্যা, দারা।

পরাৎপর-শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ, ঈশ্বর।

পুত্রী-কন্যা, দুহিতা, পুত্রবান।

প্রসাদ-প্রসন্নতা, অনুগ্রহ, নৈর্ম্মল্য।

প্রমাদ-অনবধানতা, ভ্রম।

প্রজ্ঞপ্তি-সঙ্কেত, জ্ঞাতকরণ।

প্রাশন-ভোজন, প্রকৃষ্ট।

প্রতারণা-প্রবঞ্চনা, মিথ্যা ছলনা।

পূতাত্মা-পবিত্র স্বভাব, শুদ্ধ দেহ, নিষ্পাপ শরীর।

পাদপ-বৃক্ষ, তরু, দ্রুম, গাছ।

প্রফুল্ল-বিকসিত, উৎফুল্ল, বিকাস যুক্ত।

প্রকৃতি-স্ত্রী, শক্তি স্বভাব, ধর্ম্ম।

প্রাণান্ত-প্রাণাবসান, প্রাণ শেষ, মরণ।

প্রবঞ্চক-প্রতারক, শঠ।

প্রীত-প্রীতিযুক্ত, প্রমুদিত।

প্রীণ-পুরাতন, প্রীত, সন্তৃপ্ত।

প্রয়াস-প্রযত্ন, শ্রম, ক্লেশ আয়াস।
পুলকিত-হর্ষিত, আহ্লাদিত।
প্রসূ মাতা, ঘোটকী।
পূর্ণ-পূরিত, ভরা, সাঙ্গ।
পর্য্যুদস্ত-একেবারে নিষিদ্ধ।
প্রসূত-প্রসবকরা, উৎপন্ন।
প্রসূতিজ দুঃখ, ক্লেশ, যাতনা।
পন্নগ-সর্প, উরগ, অহি।
পৃদাকু-ভুজঙ্গ, বৃশ্চিক,
প্রতিশ্রব-অঙ্গিকার, প্রতিজ্ঞা।
প্রাণস্থল-অন্তর, বক্ষস্থল।
প্রত্যক-পশ্চিম দিক, পশ্চিমদেশ।
প্রৈষ্য-দাস, ভৃত্য, প্রেরণীয়।
প্রত্যক্ষ-স্পষ্ট, সাক্ষাৎকার।
প্রত্যাদেশ দৈববাণী, নিরাকরণ।
পর্ষৎ-পরিসদ, সভা, সমাজ।
প্রদর্শন-ঈক্ষণ, দেখন, প্রকাশন।
পতিতপাবন-পতিতেরপবিত্রকারী।
প্রমুদিত-হৃষ্ট, আহ্লাদিত, আনন্দিত।
পদান-স্তব করণ, সংকীর্ত্তন।
প্রতিম-তুল্য, সদৃশ, সমান।
প্রগ্রীব-অশ্বশালা, গবাক্ষদ্বার।
পল-অত্যল্পকাল, তৃণ, মাংস।
পচত-সূর্য্য, অগ্নি, ইন্দ্র।
পরিধাবন পশ্চাতে দ্রুত গমন, চিন্তন, বিবেচন।
পপি-চন্দ্র নিশাকর।
পদ্মবন্ধু-সূর্য্য, দিবাকর; ভ্রমর।
প্রাঞ্জল-সোজা, সরল, ঋজু।
প্রবোদ্ধা-পরিজ্ঞাপক, বোধ দাতা।
প্রচ্ছনা-আমন্ত্রণ, নিমন্ত্রণ।
প্রভূত-প্রচুর, যথেষ্ট, উন্নত।
প্রাসাদ-গৃহ, অট্টালিকা; রাজগৃহ, বড়গৃহ।
প্রবীণ নিপুণ, অভিজ্ঞ, বিজ্ঞ, যোদ্ধা কৃতীকুশল।

পরিণয় বিবাহ দার-পরিগ্রহ।
পারিষদ সভাস্থ, সভাসদ, সভ্য।
পাশ-রজ্জু গুণ সূত্র, দড়ী।
প্রাণাকর-জীবনাকর, বলাকর।
পর্য্যটন সর্ব্বতোভাবে ভ্রমণ।
পরমার্থ-উৎকৃষ্ট, বস্তু যথার্থ, তত্ত্ববিষয়।
প্রতিনিধি-মুখোর, সদৃশ, তৎস্বরূপ বদলি
প্রচ্ছাদন-উত্তরীয়বস্ত্র, প্রাবার, আচ্ছাদন,
পরি-সর্ব্বতোভাবে শেষ, উপসর্গবিশেষ।
প্রেরিত-প্রেষিত, নিয়োজিত।
পয়ান-গতি, প্রস্থান।
পরিজ্ঞান নিশ্চয় বোধ, সর্ব্বতোভাবে অবগত।
প্রবোধ কর্ত্তা,-চেতন কর্ত্তা, ধর্ম্মাত্মা।

পাণীয়-পানযোগ্য, পেয়।
পয়ঃ-জল, ক্ষীর, দুগ্ধ।
পাথিস-সমুদ্র, চক্ষু, জল।
পর্য্যবসান-প্রাপ্তি, শেষ, পরিণাম।
পশ্য-দেখ, প্রশংসা, বিস্ময়।
পৃথুল-মহৎ, বড়, বিস্তৃত।
পদব্রজ পদ দ্বারা গমন, পায়েচলন
পল্লি-পাড়া, ক্ষুদ্রগ্রাম, কুঠী।
প্রতিশ্রব-অঙ্গিকার, স্বীকার।
পর্ব্ব-উৎসব, আনন্দ, গাঁইট।
পিতর-প্রস্তর, যেশুর শিষ্যমৎস্যধারী
পিতৃকানন-শ্মশান, সমাধি, কবর।
প্রতিশীর্ষ-প্রতিনিধি, বদলি, যামীন
পিনাক-শূল, ত্রিশূলের ন্যায় ক্রুশ।
প্রবুদ্ধ-পণ্ডিত, প্রফুল্ল, চৈতন্য-প্রাপ্ত; জাগ্রত।
প্রাদুর্ভাব-মহিমা, প্রকাশ।
প্রসহ্য-হটাৎঅকস্মাৎ, বলপূর্ব্বক।
প্রবোধ-প্রকৃষ্ট জ্ঞান, চৈতন্য, বিনিদ্রত্ব।
প্রত্যাবলোকন-পুনর্ব্বার দর্শন।
প্রতিক্ষণ পৌনঃ পুনা বারবার ক্ষণে ক্ষণে।

প্রত্যয়-বিশ্বাস, নিশ্চয় জ্ঞান। পদাঙ্ক-পদচিহ্ন, পায়ের দাগ।
প্রক্ষালন-ধাবন; ধৌতকরণ, মার্জ্জন
প্রত্যাগমন-ফিরিয়া আসা, পুনারাগমন।
পাদবন্দন-চরণ সেবন, পদে প্রণতি করণ। ফনধর-সর্প, ভুজঙ্গ, অহি।
ফটস্ফীত-অহির মস্তক তোলন।

ফটা-ফণা, দম্ভ কিতব। ফুল্লি-বিকাশ, প্রকাশ, স্ফুটন।
ফলিত-ফলজাত বৃক্ষ, ফল বিশিষ্ট। ফন্দি-ছল, ছুতা, প্রতারণা।
ফাঁদ-ফাঁশ পাশ, জাল।
ফাঁড়া-রিষ্টি, আপদ, বিভ্রাট। ফেরব-শৃগাল, রাক্ষস, হিংস্রক
ফলদ-ফলদাতা, অভীষ্টপ্রদ, সফল
ফুল্ল-বিকশিত, পুষ্প, ফুল। ফুষি-নির্ধন দরিদ্র, নিস্ব, তুচ্ছ।
ফর-ঢাল, ফলক, তক্তা।
ফাল-হলোপকরণ; লাঙ্গলস্থ ভূমি। ফলভূমি কর্ম্মফল ভোগ স্থান।
ফলগ্রাহক-ফলগ্রাহক; ঈশ্বর।
ফিতি-পাপ, নিষ্ফল, বাক্য; কোপ। ফলশ্রুতি-কর্ম্মফল; শ্রবণ, ফল-প্রশংসা।
ফলমুখ-শস্য, সংগ্রহকাল, ফল পাড়িবার সময়।

ব-বাহু; বরুণ; জলাধিপতি।
বকার-জলপাত্র, বায়ু, বদন-মুখ, আস্য, আনন, বথন।
বপুঃ-শরীর প্রশস্ত-আকৃতি। বেপন-কম্পন, কাপন, লড়ন।
বর্ব্বর-পামর, নীচজাতি, মূর্খ, অজ্ঞ।

বৃধসান-মনুষ্য, মানব মনুজ।
বিমীয়তে-পাপেতে, কলুষেতে, অধর্ম্মেতে।
বপিল-তাত,জনক, পিতা, বাপ।
বাসুকি-সর্পেররাজা, অনন্ত, ফণিরাজ
বসুধা-ধরণী, পৃথিবী, পৃথ্বী।
বায়ুকেতু ধুলি, ধুলা, পাংশু।
বনান-নির্ম্মান, গঠন, রচন।
বনিতা, ভার্য্যা, স্ত্রী মাত্র।
বিপিন-বন, কানন, অটবী অরণ্য।
বল্গ-সুন্দর, সুশ্রী, মনোহর।
বিচিত্র-আশ্চর্য্য, বিস্ময়, চমৎকার।
ব্রজ-পল্লী, গোষ্ঠ।
ব্রজ্যা-পর্য্যটন, ভ্রমণ, বর্গ, সমূহ।
বিরিঞ্চন সৃষ্টিকর্ত্তা, বিধাতা, ব্রহ্মা।
বিশ্বস্রষ্টা-সৃষ্টিকর্ত্তা, ঈশ্বর,
বিহ্বল-ব্যাকুল, ভয়াদি হেতুক।
বিভ্রৎ-ভরণপোষণ-কর্ত্তা, ধারণকারী
বদান্য-দাতা, দানশীল, মুক্ত হস্ত।
বিভু-প্রভু, শঙ্কর, ব্রহ্মা, বিষ্ণু।
বিমল-নির্ম্মল, স্বচ্ছ, পরিষ্কার চারু।
বিলোকন-অবলোকন, নিরীক্ষণ, দর্শন, দেখন।
বিশ্রাম-বিরাম, শ্রম শান্তি।
বিরাম-নিবৃত্তি, বিরতি অবসান, শেষঃ বিশ্রাম, ক্ষান্তি।
বিভা-প্রভা, কিরণ প্রকাশ, শোভা, বিবাহ।
বিনীতাত্মা-নম্রমনা, শিষ্ট, সাধু।
বিধি-ব্যবস্থা কাল, বিধিবাক্য, বিধাতা।
বর্জ্জন-ত্যাগ, ছাড়ন, পরিহার।
বায়ুরোষা-রাত্রি, নিশা, রজনী।
বাগ্দত্তা-বাক্য দ্বারা সম্বন্ধস্থির, বাগ্দান।
বীজপুরুষ-আদিপুরুষ বংশের মূলব্যক্তি।
বিনিময়-বদল, পরিবর্ত্ত, পরিদান।

বিপক্ষ-শত্রু, রিপু, অরি, বিপক্ষ। বিষধর-সর্প, ভুজঙ্গ, সাপ।
বিগম-নাশ, অপগম, অন্তর্ধান।
বধয়-মার, প্রাণহত্যা, হননকর। বাগ্দণ্ড-বাক্য দ্বারা ভৎর্সনা, তাড়না।
বিপুল-বৃহৎ, প্রকাণ্ড, ব্রত-শ্রুতপুন্য কর্ম্মার্থে উপবাস ইত্যাদি কর্ম্ম।
বিকীর্ণ-বিক্ষিপ্ত, ছড়ান।
বল্লি-পৃথিবী, লতা। বল্কিল-কন্টক, কাঁটা।
বয়ান-ব্যাখ্যা, অর্থ, মুখ। বাসিষ্ট-রক্ত, রুধির, শোণিত।
বিগলিত-স্খলিত, পতিত, ক্ষরিত।
বিলোচন-চক্ষু নয়ন, নেত্র। বাগ্দত্ত-বাক্য দ্বারা দান।
বোধন-বিজ্ঞাপন, জানান।
বিভাকর-সূর্য্য, রবি, দিবাকর, মার্ত্তণ্ড, ব্যাপন্ন-মৃত, নষ্ট, গতাসু।
বিকলাঙ্গ-স্বভাবতঃ ন্যূনাঙ্গ, অঙ্গহীন, খঞ্জ প্রভৃতি।
বিশ্ব-সমুদায়, ব্রহ্মাণ্ড, জগৎ বন্দন-প্রণাম, ভক্তিপূর্ব্বক স্তবকরণ
বনদ-মেঘ, বারিদ, বনদাতা। বাহন-হস্তি, অশ্ব, রথাদি, যান।
বিক্রম-সৌর্য্যাতিশয়, অতিশয়বল
বচলু-শত্রু, অরি, রিপু দোষ। বঞ্চন-প্রতারণ, ঠকান।
বারেক-একবার, এক সময়, সকৃৎ।
বোধ-জ্ঞান, বুদ্ধি, অনুমান। বিবলস-বাইবেল, ধর্ম্মপুস্তক।
বরণডালা-বরণের উপকরণ পাত্র, প্রার্থন নৈবেদ্য সম্ভ্রম।
বপুঃস্রব-শরীরস্থ রস-ধাতু, রক্ত। বিলোকন-অবলোকন, নিরীক্ষণ,

বিমোক্তা-ত্রাণকর্ত্তা, মোচনকারক।

বিভব-ধন, সম্পত্তি, ঐশ্বর্য্য, মোক্ষ।

দর্শন, দেখন।

ব্যাপদে-মৃত্যুতে বিপদে, আপদে।

বাষ্প-চক্ষুর জল, অশ্রু লোহ, উষ্মা।

ভ- ভকার-

ভুবনেশ্বর-জগদীশ্বর

ভোঃ-সম্বোধনার্থ, প্রশ্নার্থ, আভিমুখ্যার্থ।

ভ্রংশক-নষ্টকারী, বিচ্ছেদকারী।

ভুজঙ্গ-সর্প, অহি, লম্পট।

ভক্ত-অনুরক্ত, অনুগত, সেবক।

ভবাব্ধি সংসাররূপসমুদ্র, ভবসাগর।

ভবান-তুমি, যুষ্মদর্থ।

ভাবিক-ভবিক, মঙ্গল, শুভ কল্যাণ।

ভা-দীপ্তি, প্রভা, কিরণ।

ভীরু-ভয়শীল, ত্রস্নু, অজা, ছাগ।

ভক্তবৎসল-ভক্তানুগ্রাহক, ভক্তের প্রতি স্নেহ।

ভগবান-প্রভু, ঈশ্বর, মহৎ পুরুষ।

ভরণ্যু-মিত্র, অগ্নি, ঈশ্বর, চন্দ্র।

ভূ-পৃথিবী, ভূমি, যজ্ঞাগ্নি।

ভূয়োভূয়ঃ-পুনঃ২ বারম্বার।

ভূরিষ্ট-প্রচুর, অধিক, যথেষ্ট।

ভূমিবর্দ্ধন-মৃত্যু, নিধন, শব, মড়া।

ভবৎ যুষ্মদর্থ, বক্তনার্থ।

ভগ-ইচ্ছা, জ্ঞান, বৈরাগ্য, কীর্ত্তি, মাহাত্ম্য, ঐশ্বর্য্য, ধর্ম্ম, যশ, সৌভাগ্য।

ভবদীয়-তোমার, যুষ্মৎ সম্বন্ধীয়।

ভবন্তি-বর্ত্তমান কাল, উপস্থিতকাল

ভদ্রসমাচার-মঙ্গল সমাচার।

ভাষ-কথা, বাক্য, পদ।

ভ্রেষণ-চলন, গমন।

ভূলোকা উনুই, জলাকর।

ভবন-গৃহ, আলয়, ভাব, বাটী, উৎপত্তি হওন।

ভ্রুক্ষেপ-ঈষৎ অবলোকন।

ভূস্পৃক-মানব মনুষ্য, ভূমি স্পর্শ কারী।

ভীষণ-ঘোর, ভয়ানক।

ভদ্রনিধি-মহাদান বিশেষ।

ভরণ্ড-পতি, স্বামী, রাজা, ভূপাল।

ভদ্রাসন-নৃপাসন, সিংহাসন, বসত-বাটী।

ভূধর-পর্ব্বত, গিরি, শৈল।

ম-

মহাত্মা-উত্তমস্বভাব-যুক্ত, মহাশয়।

মহি-পৃথ্বী, ধরণী।

মহাপথ-মৃত্যু, রাজবর্ত্ম, যে পথে না ফেরে।

মমতা-আত্মতুল্য স্নেহ বা অনুরাগ।

মঙ্গলকর-শুভকর, কল্যাণ দায়ক।

মকার-

মেসাত্মা-প্রতিশ্রুত, ত্রাণকর্ত্তা, অভিষিক্ত।

মর্ত্তস্থ-অবনীস্থ, পৃথিবীস্থিত।

মর্ম্মকীল-স্বামী, প্রভু, ভর্ত্তা।

মেধ-ক্রতু, যাগ, যজ্ঞ।

মর্ত্ত-মনুষ্য, সদ্য, উপনীত, ব্রাহ্মণ

মোক্তা-মোচনকর্ত্তা, ত্রাণকর্ত্তা।

মরুৎপ্লব-সিংহ কেশরী মৃগেন্দ্র

মদার-শটধূর্ত্ত, শুকর, কামুক।

মহানাদ-বৃহদশব্দ, হস্তী, সিংহ উষ্ট্র শঙ্খ, কাহ্ল। বাদ্য।

মঞ্জু-মনোজ্ঞ, সুন্দর, চারু, মনোহর।

মনোরম-মনোজ্ঞ, মনোহর সুন্দর

মধুজা-পৃথিবী, ধরণী, ধরিত্রী।

মনোরথ-ইচ্ছা, বাঞ্ছা, মনের বাসনা

মৃত্যুঞ্জয়-মৃত্যুজয়কারী।

মনোরঞ্জক-মনের আনন্দ জনক

মর্ত্তব্য-নাশ্য, মারিবার যোগ্য।

মাহাত্ম্য-মহাত্মতা, প্রভাব, মহত্ত্ব।

মমতা-আত্মতুল্যস্নেহ বা অনুরাগ।

মূর্দ্ধা-মস্তক-মস্তক, শিরঃ, মাথা।

মর্ত্যলোকেশ-রাজা, ভূপতি, নরেশ।

মনুজ-মনুষ্য, মানুষ, নর।

মনোহর-মনোজ্ঞ, সুন্দর, স্বর্ণ।

মেধ্য-পবিত্র, পূত, শুচি, যজ্ঞীয়।

মোদিত-হর্ষযুক্ত, আহ্লাদিত।

মণিমান-মণিবিশিষ্ট, রত্নভূষিত।

মণিমন্দির-রত্নময়গৃহ, মণিমণ্ডপ।

মঙ্গলবাদ-কল্যাণ প্রার্থনা; কুশল কথন।

মন্যু-যন্ত্রণা,খেদ, তাপ, জ্বালা।

য ।   যকার-

যাবজ্জীবন যাবদায়ু, জীবন পর্য্যন্ত।

যাচনীয়-ভিক্ষণীয়, ভিক্ষা করিবার যোগ্য; প্রার্থনীয়।

যুগল-যোগ, যোড়া।

যজ্ঞভূমি-যাগস্থান, যজ্ঞস্থল।

যজি-যষ্ট, যজমান, যাগকারী।

যজ্ঞেশ্বর-যজ্ঞের অধিষ্ঠাতা।

যুষ্মদ্ তুমি, সম্মুখস্থ-

যাত্রা-প্রস্থান,গমন, দেশভ্রমণ।

যাপন-কালক্ষেপণ, কাটান।

যাবযুক্তা-আলতামাখা, রাঙ্গাপদ।

যজ্ঞভাজন-যজ্ঞপাত্র।

যজত-পুরোহিত, ঋত্বিক।

যজন-যাগকরণ, পূজন।

যজ্ঞান্ত-যাগশেষ, যজ্ঞ সাঙ্গ।

যথোচিত-যথাযোগ্য, ন্যায়মত।

যুষ্মদীয়-ভবদীয়, তোমার।

যত্রতত্র-যেখানে সেখানে, যথাতথা।

যশঃশেষ-মৃত্যু,মরণ, ধ্বংস।

র- রকার-

রৌরব ঘোর, নরক, ভয়ানক, ধূর্ত্ত।
রাশীকৃত-বহুল, পুঞ্জীকৃত।
রুহিরুহিকা-উৎকণ্ঠা, উদ্বেগ, ভাবনা।
রোধ্র-অপরাধ, পাপ। রোদস-স্বর্গ, আকাশ।
রৌক্ষ্য-রুক্ষতা, রুক্ষত্ব, নিঃস্নেহতা।
রিপু শত্রু, বৈরী, বিপক্ষ।
রিশ-হিংসা, দ্বেষ, ঈর্ষা।
রূঢ়-জাত, প্রসিদ্ধ, প্রকৃতি।
রদ-দশন, দন্ত, দাঁত, খোঁড়ন।
রশ্মি-কিরণ, প্রভা, রজ্জু।
রোষ-ক্রোধ, কোপ। রুদ্ধ-আবৃত, আটক, কয়েদ।
রসনা-জিহ্বা, রসনেন্দ্রিয়।
রোম-জল, তনুরুহ, লোম।
রুদিত-ক্রন্দন, কাঁদন, বিলাপ।
রুক-বহুপ্রদ, বহুল-দাতা, মহাবদান্য।
রোধ্রত-পাপে রত, রোধ্রপাপ, রুলুব্ধ, দোষ, অপরাধ।
রড়ন-শীঘ্রগমন, দৌড়ন।
রেতৃজা-বালি, বালুকা।
রথ-পদ, চরণ, দেহ, কায়, স্যন্দন, চক্রবিশিষ্ট, যুথাশ্বমান।
রাশীকৃত-পুঞ্জ, স্তূপ।
রিঙ্খন-স্খলন, রক্ষণ। রুচিত-মিষ্টবস্তু, স্বাদু দ্রব্য।
রসন-আস্বাদন, রসগ্রহণ।
রেণু-ধূলি, পাংশু, গুঁড়া।
রুহ-আরোহণ, জাত, উৎপন্ন।
রুদ্রভূ-শ্মশান,
রক্ষিত-প্রতিপালিত, রক্ষা করা।
রত্নসূতে-পৃথিবীতে, ধরণীতে।

ল-　　　　　　লকার-

লট্ট-দুর্জ্জন, দুষ্ট। লণ্ডভণ্ড-উচ্ছিন্ন, প্রচ্ছিন্ন, ব্যতিব্যস্ত।

লোকান্তর-পরলোক, মৃত্যু। লোকেশ্বর-ভুবনেশ, রাজা।

লোকযাত্রা-সংসারযাত্রা।

লোকাপবাদ-জনসমক্ষে নিন্দা। লজাক-যেশুর শিষ্য ৪ দিনের মরা তাহাকে শ্মশান হইতে উঠান।

লপন-মুখ, বদন, ভাষণ, কথন। লাঞ্ছিত-ভর্ৎসিত, তিরস্কৃত, নিন্দিত

লজ্ঝা আঘাত, প্রহার, মারণ।

লোকনাথ রাজা, শিব, ব্রহ্মা, বিষ্ণু। লগ্নক-প্রতিভূ, জামীন।

লষিত-বাঞ্ছিত, ইষ্ট, অভীষ্ট।

লোহ লৌহ, রক্ত, রুধির, অন্তক। ললিত-সুন্দর মনোজ্ঞ, কোমল, নরম।

লোচন-চক্ষু, নেত্র, নয়ন।

লাস-মৃতদেহ, শব। লষণীয়-স্পৃহণীয়, বাঞ্ছনীয়।

লঞ্জের-চরণের, লঞ্জ, পাদ, কচ্ছ, কাছা। লীঢ়ন-আস্বাদন, লীঢ়, আস্বাদিত।

লেহ্য-অমৃত, সুধা, লেহনীয়, চাটিবার যোগ্য।

লগড়-চারু, মনোহর, সুন্দর।

লঙ্ঘন-উপবাস, অতিক্রম, লম্ফন, ডিঙ্গান।

বকার-

বিলোপ একেবারে লোপ, নাশ, ধ্বংস। ব্যাকুলাত্মা-শোকাভিহতচিত্ত, উদ্বিগ্নমনা, উৎকণ্ঠিত অন্তঃকরণ।

বিচিত্র-আশ্চর্য্য, বিস্ময়, চমৎকার, নানাবর্ণ।

বদান্য-বদান্য, বহুপ্রদ, দাতা, উদার। বণীক যাচক, প্রার্থক, ভিক্ষুক।

বয়ুন, জ্ঞান, জ্ঞাত। বোধন-বিজ্ঞাপন, জানান।

শকার-

শ্রয়ণ-আশ্রয়, অবলম্বন।

শোভন সুন্দর, শোভাজনক।

শ্রদ্ধা-দৃঢ়ভক্তি, দৃঢ় বিশ্বাস, আদর।

শুশ্রূষণ-উপাসনা, সেবা, পরিচরণ।

শয়থ-অজগরসর্প।

শিতান-বালিশ উপধান, শিয়র।

শাবর-পাপ, অপরাধ, মৃগচর্ম্ম।

শাদ-কর্দ্দম, কাদা, তৃণ,ঘাস।

শাল্মলি-নরক, শিমুলগাছ।

শ্রীযশু-প্রভাময়, সত্যত্রাণকর্ত্তা।

শ্রোণ-পঙ্গু, খোঁড়া।

শ্রেণি-পংক্তি।

শুভ-ক্ষেম, মঙ্গল কল্যাণ।

শ্রীপতি-পৃথিবীনাথ, নারায়ণ।

শ্রিত-সেবিত, আশ্রিত।

শস্ত-কল্যাণ, শরীর, শুভ, প্রশস্ত।

শৃঙ্গিণ-মেষ, মেড়া, ভেড়া।

শরণ্য-রক্ষক, রক্ষণার্থ, আশ্রয়দানে সমর্থ।

শোধন-শুদ্ধকরণ, নির্দ্দোষকরণ।

শোণিত-রক্ত, রুধির, কুঙ্কুম।

শুভঙ্কর-মঙ্গলকারক, ক্ষেমঙ্কর।

শ্বাসহেতি-নিদ্রা, ঘুম।

শতধৃতি-স্বর্গ, ইন্দ্র, ব্রহ্মা।

শসন-মারণ, যজ্ঞার্থে পশু হনন।

শ্বস্তন-ভবিষ্যদ্বস্তু, ভবিষ্যৎ।

শ্বসন-নিঃশ্বাস, বায়ু।

শ্বান কুক্কুর, কুকুর।

শ্লক্ষ্ণ-মনোজ্ঞ, মনোহর, অল্প।

শক্ন প্রিয়ভাষী প্রিয়ম্বদ।

শ্রুতি-শ্রবণ, কর্ণ, শ্রোত্র, বেদ।

শ্রোত্র-কর্ণ, কাণ।

শরণী-পথ, বর্ত্ম, মার্গ।

শোভা-দীপ্তি, কান্তি, দ্যুতি।

শান্ত্বিত-যাহাকে স্বান্তনা করা গিয়াছে।

শাড-শব্দ, স্পন্দ, স্পর্শজন্যবোধ।

শান্ত-উপশম প্রাপ্ত, শমিত্ব, জিতেন্দ্রিয়, শিষ্ট।

শমক-শান্তিকারক, শান্তিকর্ত্তা।

শান্তি-কামক্রোধাদির প্রশম, উপশম।

ষকার-

ষড়ঙ্গ-ছয় অঙ্গের জয়কারী; বিষ্ণু।

ষড়রিপু-কাম; ক্রোধ; লোভ; মোহ, মদ; মাৎসর্য্য।

ষড়ধা-ছয়প্রকার; ষড়বিধ।

ষড়ভুজা-দেবীবিশেষ; খরমুজা।

ষোডশী-যজ্ঞপাত্রবিশেষ; দশ মহাবিদ্যান্তর্গত বিদ্যাবিশেষ।

ষড়ানন-কার্ত্তিকেয়; স্কন্দ; কুমার।

ষোড়শোপচার-ষোল প্রকার পূজার উপকরণ।

ষটকর্ম্ম-অধ্যাপন; অধ্যয়ন; যজন; যাজন; দান; প্রতিগ্রহ; এই ছয়।

ষহসানু যজ্ঞ; ক্ষমাবান; ময়ূর।

ষড়বক্ত্র-কার্ত্তিকেয়; কুমার; ছয়মুণ্ড।

ষড়বিন্দু-বিষ্ণু; কীটভেদ।

ষষ্ঠী-কাত্যায়নী; দেবীবিশেষ।

ষষ্ঠীকা-চামুণ্ডা; দেবীবিশেষ।

ষোড়শভুজা-ষোড়শহস্তযুক্তা; ভগবতী।

ষিড়্গ লম্পট; কামুক; ইত্যাদি।

ষোড়শাঙ্গ ষোলপ্রকারগন্ধদ্রব্যযুক্তধূপ।

সকার-

সঙ্কৎ-প্রতারক; বঞ্চক।

সাকার আকারবিশিষ্ট, মূর্ত্তিমান।

সবিত্রী-মাতা; জননী; প্রসবকারিণী।

সদনে আলয়ে; গৃহে; গেহ।

স্বীয়-স্বকীয়; নিজ; আত্মসম্বন্ধীয়।

সনাতন-নিত্য; সর্ব্বদা; ভাবী; বিষ্ণু; শিব; ব্রহ্মা।

সিন্ধুশয়ন-প্রভু; নারায়ণ।

স্বয়ম্ভূ-স্বয়ং জাত; প্রজাপতি।

স্রষ্টা-সৃষ্টিকর্ত্তা; প্রজাপতি।

সুরম্য-সুরমণীয়; মনোহর।

সু-ভাল; সুন্দর; শোভন।

সাদর-আদরযুক্ত; মান্য।

সমীক্ষণ-সম্যক প্রকারে দর্শন।

স্বস্তিবচন-মঙ্গলকথন; মাঙ্গল্যকর্ম্মারম্ভ।

সস্ত্রীক-জায়া স্বামী উভয়।

শ্বাপদ-ব্যাঘ্রাদি;

স্রংসন-অধঃপতন; চ্যুত হওন।

সম্ভাষণ-কথন; আলাপন।

সচিব-মন্ত্রী; পরামর্শী; সহায়।

সম্মাতুর-ধার্ম্মিকা স্ত্রীর সন্তান।

সমর্দ্ধক-বরদ; বরদাতা।

সার্থক-ফলজনক সফল।

সমীক্ষণ-সম্যক প্রকারে দর্শন।

সমানোদক-একোদক; চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত, জ্ঞাতি।

স্বন-শব্দ; ধ্বনি।

সমুদ্ধার-সম্যক প্রকারে উদ্ধার।

সন্তমস-চতুর্দ্দিক আচ্ছন্নকারী অন্ধকার; সর্ব্বতোব্যাপি অন্ধকার।

সূর-সূর্য্য; ভাস্কর; আকন্দবৃক্ষ।

স্তনপান্তে-প্রায় যুবকালে।

সোমত্ত-যুবা; তরুণ; বলবান্।

সুধী-বিদ্বান; পণ্ডিত; সুন্দর বুদ্ধিবিশিষ্ট।

সুধীর-অতিশয় শিষ্ট; অতি শান্ত।

সিদ্ধি-নিষ্পত্তি; সুমঙ্গল, ভাঙ্গ।

সহসা-হঠাৎ; অকস্মাৎ।

সত্রী-গৃহপতি; সদা দান বা যজ্ঞাধিকারী

সংরূঢ়-অঙ্কুরিত; সমক্ষ-চক্ষুর; সমীক।
জাত; উৎপন্ন। সজ্ঞুষিত-সমাব; ঘোষণাশ্রয়; প্রচারিত।
সৌবস্তিক-পুরো সলিল-জল; বারি; উদক।
হিত; যাজক। সম্বোধন-আভিমুখ্যবিধান; আমন্ত্রণ।
স্তনপ-অতিশিশু, সর্ব্বসহ-পৃথিবী, ধরণী।
দুগ্ধপোষ্য। স্তেন-চৌর, তস্কর।
স্রুত-ক্ষরিত.চ্যুত। সঙ্কাশ-সদৃশ, তুল্য, সমান।
সমুত্থান-ঊর্দ্ধগ- সংজ্ঞপন-হনন, মারণ, বিজ্ঞাপন।
মন, সম্যক প্রকারে উত্থান।
সানুমান-পর্ব্বত, সন্ধ্যারাগ-সিন্দুর, সন্ধ্যাকালের ন্যায় র-
গিরি, শৈল। ক্তবর্ণ।
সতীর্থ-পরস্পর- সমীক্ষণ-সম্যক প্রকারে দর্শন।
এক গুরুর শিষ্য, এক ধর্ম্মাক্রান্ত, একাশ্রমী।
সঞ্জতল-যোড়হস্ত, স্তোত্র-স্তব, গুণগান।
যুক্তকরতলদ্বয়। সমুদ্গা-সপুটিক, কৌটা, আচ্ছাদনে,
স্রক-মালা, হার, মাল্য। মোহর করা।
সংশ্রয়-আশ্রয়, উ- সংশয়-সন্দেহ, দ্বৈধ জ্ঞান।
পায়, গতি। সর্ব্বেশ্বর-সকলের অধিপতি, রাজাধি-
সর্ব্ববিৎ-পরমেশ্বর, সর্ব্বজ্ঞ। রাজ।
সর্ব্বজিৎ-বিশ্বজয়ী, সর্ব্বব্যাপি-সর্ব্বত্র স্থিতি, সর্ব্বগত।
সকলের জয়কর্ত্তা। সুরপুরী-স্বর্গপুরী, অমরাবতী।
সুপন্থা-সৎপথ, ধ- সোপান-পইটা. সিঁড়ি, সুচনা।
র্ম্মমার্গ। সানুকুল-সহায়, সপক্ষ, প্রসন্ন।

সেথুয়া-পথদর্শক, সঙ্গী। সাথী-সহায়, অনুচর, সঙ্গী।
স্বেদ-ঘর্ম্ম, স্বেদন, ভাঁবরা।
স্রস্ত-চ্যুত, ক্ষরিত, বিগলিত। সুদণ্ড-বেত্র, বেত।
সমিক-বড়সা-শেল, শল্য।
সলিল-জল, উদক। সত্বর-শীঘ্র' দ্রুত, তূর্ণ।
স্পর্শমণি স্পর্শ-মাত্রে স্বর্ণজনক পাতরবিশেষ, পরশ পাতর। সংশুদ্ধি-শরীর মার্জ্জন, সম্যকশোধন।
সত্যধন-ধার্ম্মিক। সাশ্রুলোচন-সজল নয়ন।
সান্তর-বিরল, নির্জ্জন, অন্তরের সহিত বর্ত্তমান। স্বোবশ্রীয়-কল্যাণ, মঙ্গল, শুভ।

হ- হকার-

হতপ্রভ-প্রভাহীন, অন্ধকার। হতভাগ্য দুর্ভাগ্য, মন্দভাগ্য, পোড়া-কপাল।
হীন-রহিত অধম, নীচ, গর্হ্য, উন। হর্ত্তাকর্ত্তা-সৃষ্টিস্থিতিকারক, বিধাতা।
হেডজ-ক্রোধ, কোপ, রোষ।
হুবনায়-অনল, বহ্নি। হেয়জ্ঞান-তুচ্ছবোধ অপকৃষ্টজ্ঞান।
হ্রস্ব-খর্ব্ব, লঘু, বামন, ছোট। হ্রাস-ক্ষয়, শব্দ, ক্ষীণতা, ম্লানতা।
হস্তাঘাৎ-চাপড়, চপেটাঘাৎ।
হতাদর-অসম্মান, অমর্য্যাদা, অবজ্ঞাত। হাত্র-মারণ, প্রমথন, বেতন।
হেমন্ত-হিমাগম, অগ্রহায়ণ পৌষমাস।
হয়শালা-অশ্বালয়, আস্তাবল। হিতক-শিশু, বালক।
হ্রিণীয়া-লজ্জা, ঘৃণা ত্রপা।

হোতা-হোমকর্ত্তা। হব্যাশ-অগ্নি, হুতা
হবন-হোম অগ্নিতে ঘৃতপ্রক্ষেপ। হনন-ঘাতন, বধ, মারণ, বলিদান।
হুঙ্কার গর্জ্জন, গভীরধ্বনি, ভয়ঙ্করশব্দ
হবনী-হোমকুণ্ড, হোমস্থান। হব্য-হননীয়দ্রব্য, হোমার্থ বস্তু।
হৃদয়েশ-স্বামী, কান্ত, পুরুষ।
হৃদয়েশা-স্ত্রী, ভার্য্যা। হৃৎকম্প-হৃদয়কম্পন, বক্ষস্থলধড়্‌ধড়্‌শব্দ
হন্তা-হননকর্ত্তা, ঘাতক, বধকারক। হৃদয়ঙ্গম-মনোনীত, মনলগ্ন, চিত্তপ্রবোধক।
হোম-ঈশ্বরোদ্দেশে হবি মাংস দধি করা। হেমমালী-রবি, সূর্য্য, ভাস্কর, দিবাকর
হরনেত্রদিনে তৃতীয়দিনে। হর্ম্মুটবার-রবিবার, হর্ম্মুট, ভানু।
হলা-পৃথিবী, জল।

ক্ষ- ক্ষকার-

ক্ষিতি-পৃথিবী, ক্ষয়, প্রলয়। ক্ষেমঙ্কর-মঙ্গলকারক, শুভজনক।
ক্ষেম-কুশল, লব্ধ, রক্ষণ।
ক্ষেত্র-ভূমি, ক্ষেত। ক্ষত্র-শরীর, দেহ, কায়া।
ক্ষিতিকণ-ধুলি, ধুলা, পাংশু। ক্ষিতিপাল-রাজা, পৃথিবীর ঈশ্বর।
ক্ষৌণি-পৃথিবী, ধরণী।
ক্ষতজ-রক্ত, শোণিত। ক্ষিন্ন-দুঃখিত, ক্ষুব্ধ, খেদিত।
ক্ষুৎ-চিহ্ন, দাগ, কলঙ্ক। ক্ষীরাদ-শিশু, বালক।
ক্ষ্মাতল-ধরাতল, ভূতল, পৃথিবীতল।

ক্ষিপক-যোদ্ধা, বীর, লড়াক।

ক্ষণার্দ্ধ-অত্যল্পক্ষণ, অল্পসময়।

ক্ষুব্ধ ক্ষোভবিশিষ্ট, কাতর, ক্ষুণ্ন, বিমর্ষ।

ক্ষিপ্র-শীঘ্র, দ্রুত, ত্বরায়।

ক্ষালন-প্রক্ষালন, ধৌতকরণ।

ক্ষেপণ-যাপন, কালহরণ, ফেলন।

ক্ষোভ-মনস্তাপ, দুঃখ, সঙ্কলন।

ক্ষমাবান-ক্ষান্তিযুক্ত, ধৈর্য্যশীল, সহিষ্ণু।

ব্যঞ্জনের ঊনত্রিংশৎ বর্ণ, অন্তস্থ বর্ণের চতুর্থ বর্ণ, এবং ত্রয়োবিংশৎ বর্ণ তুল্যার্থ বকার।

প্রার্থনা।

পরামনন কর কেননা স্বর্গের রাজ্য সন্নিকুট। এই জগতে আমরা কিছুই আনি নাই এবং কিছুই লইয়া যাইতে পারিব না। অতএব তুমি কিরূপ শিক্ষা পাইয়াছ ও শ্রবণ করিয়াছ, তাহা স্মরণ করিয়া পালন কর, এবং মন ফিরাও। যদি বল পাপ নাই তবে ভ্রান্তিতে আছ সদোষ স্বীকার কর ক্ষমা পাবে। যে ডালে অধিক ফল ধরে সেই ডাল নত হয় যে মাটিতে জন্মিয়াছ সেই মাটির উপর তুমি তবে নম্র হও মানুষের উপর প্রত্যাশা করিও না। অধ্যক্ষদের শরণাগত না হইয়া পরমেশ্বরকে আশ্রয় কর। মানুষকে লজ্জা কর, ঈশ্বরকে ভয় কর। আপনার পরীক্ষা কর। নিজ মনকে জিজ্ঞাসা কর, হে মনঃ আমি কেমন লোক। পরের গুহ্য প্রচার করিও না। সত্য বাক্য নির্ভয়ে বলিও। হঠাৎ উৎকট বাক্য প্রচার করিও না।

পরদুঃখে দুঃখি ও পরসুখে সুখি হও। তুমি যে কোন কর্ম্মে হস্তার্পণ করিতে পার, তাহা যত্ন পূর্ব্বক কর, কেননা তুমি যে স্থানে যাইতেছ, সেই পিতৃকাননে কোন কার্য্য, কি উপায়, কি বুদ্ধি, কি জ্ঞান, কিছু নাই। তোমরা আপনাদের আপনি নও। যেহেতুক বিশেষ মূল্যে ক্রীত হইয়াছ, অতএব তোমাদের শরীর ও তোমাদের আত্মা উভয় দিয়া ঈশ্বরেরই মহিমা প্রকাশ কর, কেননা উভয় ঈশ্বরের আছে, আর শরীরাচারী হইয়া জীবন ধারণ করিলে তোমরা মরিবা, কিন্তু আত্মা দ্বারা যদি শারীরিক কর্ম্ম ব্যাপাদান কর, তবে বাঁচিবা, এই জন্যে তোমাদিগকে বলি প্রার্থনার সময়ে যাহা যাহা যাঞ্চা কর তাহা পাইবা এমত বিশ্বাস করিও তাহাতে প্রাপ্ত হইবা। তোমরা ভোজন পান প্রভৃতি যে কোন কর্ম্ম কর সে সকলই ঈশ্বরের মহিমা প্রকাশের নিমিত্ত কর।

হে আমার ধর্ম্মস্বরূপ ঈশ্বর আমি প্রার্থনা করিলে আমাকে উত্তর দেও, অনুগ্রহ করিয়া আমার প্রার্থনা শুন। হে প্রভো! তোমার আবাসে কে প্রবাস করিবে, যে জন সরলাচরণ ও

ধর্ম্মকর্ম্ম করে ও মনের সহিত সত্য কথা কহে, এবং জিহ্বাতে কাহারও গ্লানি করেনা সেই জন। হে পরমেশ্বর! আমি তোমার নিবাস মন্দিরকে ও তোমার মহিমার বসতি স্থানকে, প্রেম করি, পরমেশ্বর আমায় বল ও ঢাল স্বরূপ আমার মন তাঁহাতে নির্ভর করাতে আমি উপকার পাই আমি তোমার স্মরণাগত, অতএব আমাকে কখন লজ্জিত হইতে দিও না তুমিই আমার পর্ব্বত ও দুর্গস্বরূপ, শোকেতে আমার জীবৎকালও দেখতে আমার বয়স গেল, অপরাধ দ্বারা আমার বলক্ষীণ ও অস্থি সকল বিশীর্ণ হইল, আমি আপন অপরাধ স্বীকার করিতেছি, ও পাপের নিমিত্তে মনস্তাপ করিতেছি।

হে আমার মনঃ কেন শোকার্ত্ত হও! ঈশ্বরের অপেক্ষা কর, তিনি মঙ্গল দাতা ও পুরুষানুক্রমে আমার আশ্রয় স্থান. আমি ঊর্দ্ধ্ব দৃষ্টি করি আমার উপকার কোথা হইতে হইবে। যিনি স্বর্গমর্ত্তের সৃষ্টি কর্ত্তা, সেই পরমেশ্বর হইতে আমার উপকার হয়। তিনি তোমার চরণকে, বিচলিত হইতে দিবেন না, তোমার রক্ষাকারী নিদ্রা যাইবেন না।

হে ইস্রায়েলের রক্ষাকারী কখন নিদ্রা কি তন্দ্রা যান না। পরমেশ্বর তোমার রক্ষা কর্ত্তা, ও পরমেশ্বর তোমার দক্ষিন দিক স্থিত ছায়াস্বরূপ। দিবসে সূর্য্য এবং রাত্রিতে চন্দ্র তোমাকে আঘাত করিবে না। পরমেশ্বর তোমাকে সমস্ত আপদ হইতে রক্ষা করিবেন তিনি তোমার প্রাণ রক্ষা করিবেন পরমেশ্বর অদ্যাবধি সদাকাল পর্য্যন্ত তোমার বহির্গমন ও ভিতরে আগমন রক্ষা করিবেন আমি তোমারই তুমি আমাকে পরিত্রাণ কর আমি দ্বিমনা লোককে ঘৃণা করি তোমার প্রমাণ বাক্য আশ্চর্য্য এই জন্যে আমার মন তাহা পালন করে, তোমার বাক্যের উদয় দীপ্তি প্রদান করে ও অবোধের বোধ জন্মায়।

হে প্রভো! আমার রব শুন, আমার বিনতি বাক্য তোমার কর্ণগোচর হউক। আমার চক্ষু তোমার প্রতি আছে, আমি তোমার শরণাগত আমার প্রাণকে ফেলিয়া দিওনা, তোমার প্রচুর কৃপানুসারে আমার তাবৎ অপরাধ মার্জ্জনা কর, আমি নিজ অপরাধ স্বীকার করিতেছি আমার পাপ সর্ব্বদাই আমার সাক্ষাতে আছে। আমি তোমার

বিরুদ্ধে দোষ করিয়াছি, দেখ অপরাধে আমার জন্ম হইয়াছে, ও পাপেতে মাতার গর্ভে ধারণ করিয়াছে আমাকে প্রক্ষালন কর, তোমার সম্মুখ হইতে দূর করিওনা তোমার উদার আত্মার দ্বারা আমাকে ধারণ কর। হে প্রভু আমার ওষ্টাধরকে মুক্ত কর তাহাতে আমার মুখ, তোমার প্রশংসা প্রকাশ করিবে। তুমি বলিদানের প্রয়াস কর না নতুবা তাহা দিতাম এবং হোমেতেও তোমার সন্তোষ নাই। ঈশ্বরের গ্রাহ্য যাগ ভগ্ন আত্মা। হে ঈশ্বর তুমি ভগ্ন ও চুর্ণ অন্তঃকরণকে তুচ্ছ করিবা না। হে পরমেশ্বর আমি তোমার নামের প্রশংসা করিব কেননা সে উত্তম! সেই নাম আমাকে তাবৎ বিপদ হইতে রক্ষা কর।

হে আমার মনঃ পরমেশ্বরের ধন্যবাদ কর হে আমর অন্তরস্থ সকল তাঁহার পবিত্র নামে ধন্য বাদ কর। হে আমার মন পরমেশ্বরের ধন্যবাদ কর ও তাঁহার সকল দান বিস্মৃত হইওনা, তিনি তোমার তাবৎ পাপ মার্জ্জনা করেন ও তোমার সকল রোগের শান্তি করেন এবং বিনাশ হইতে তোমার প্রাণকে উদ্ধার করেন এবং স্নেহ ও দয়া-

রূপ মুকুটেতে তোমাকে ভূষিত করেন এবং উত্তম দ্রব্যে তোমার মুখকে তৃপ্ত করেন, তাহাতে উৎক্রোশ পক্ষির ন্যায় পুনর্ব্বার তোমার নূতন যৌবন হয়

ঈশ্বরকে জানা কর্ত্তব্য।

তুমি ঈশ্বরের বিষয়ে আপনাকে জ্ঞাত করিয়া শান্ত হও, তাহাতে তোমার মঙ্গল হইবে।

ঈশ্বর অদ্বিতীয়।

বস্তুতঃ দেবতা কিছু নাই, এবং এক ঈশ্বরো দ্বিতীয়ো নাস্তি, ইহা আমরা জানি।

সৃষ্টিকর্ত্তাই ঈশ্বর।

যাঁহা হইতে তাবৎ বস্তু ও যাঁহার নিমিত্তে আমরা সৃষ্ট হইয়াছি, এমন পিতাস্বরূপ আমাদের অদ্বিতীয় ঈশ্বর আছেন।

নম্র লোকের প্রতি ঈশ্বরের দৃষ্টি।

পরমেশ্বর কহেন, যে জন নম্র ও ক্ষুণ্নমনাঃ ও আমার কথাতে কম্পিত এমত লোকের প্রতি আমি দৃষ্টিপাত করিব।

সত্যভজনা।

ঈশ্বর আত্মাই; আর তাঁহার ভজনা করিতে গেলে আত্মা দিয়া সত্যরূপে ভজনা করিতে হয়।

ঈশ্বর অতুল্য।

হে ঈশ্বর, দেবগণের মধ্যে তোমার তুল্য কে আছে? এবং তোমার সমান পবিত্রতাতে আদরণীয় ও ভয়ানকত্ব প্রযুক্ত স্তবনীয় ও আশ্চর্য্য ক্রিয়াকারী কে আছে?

প্রত্যয় বিনা আরাধনা বিফল।

প্রত্যয় ব্যতিরেকে ঈশ্বরকে তুষ্ট করা অসাধ্য ঈশ্বর যে বর্ত্তমান ও আপনার অন্বেষণকারিগণের পুরস্কারদাতা এমত প্রত্যয় করা ঈশ্বরের শরণাগত লোকের কর্ত্তব্য।

ঈশ্বরাশ্রিত লোক সুরক্ষিত হয়।

যাহারা পরমেশ্বরকে ভয় করে, তাঁহার দূত তাহাদের চতুর্দ্দিগে থাকিয়া তাহাদিগকে রক্ষা করে।

নরের প্রতি নির্দ্দয় জন ঈশ্বরের অভক্ত।

যে জন নিজ ভ্রাতাকে ঘৃণা করিয়া, "আমি ঈশ্বরকে প্রেম করিতেছি,, এমত কথা বলে, সে মিথ্যাবাদী, কেননা আপনার যে ভ্রাতাকে দেখে

তাহাকে যদি প্রেম না করে, তবে যাঁহাকে দেখে নাই এমতঈশ্বরকে কিপ্রকারে প্রেম করিতেপারে।

ভ্রাতার প্রতি নির্দ্দয় জন ঈশ্বরের অভক্ত।

আপনি সাংসারিক ধনবান হইলেও যদি কেহ আপন ভ্রাতার দীনতা দেখিয়া তাহার প্রতি আপনার দয়া বোধ করে, তবে তাহার অন্তরে ঈশ্বরের প্রেম কি প্রকারে থাকিতে পারে ?

সন্তানের পিতৃ আজ্ঞাবহ হওয়া উচিত।

হে বালকগণ, তোমরা সমস্ত বিষয়ে পিতা মাতার আজ্ঞা পালন কর, কেনমা এই কর্ম্ম প্রভুর সন্তোষজনক হয়।

সন্তানের প্রতি পিতার কর্ত্তব্যাচরণ।

হে পিতা সকল, তোমরা আপনং সন্তানদিগকে প্রতিপালন কর।

ধার্ম্মিকের প্রতি ঈশ্বর অনুকূল।

ধার্ম্মিকগণের প্রতি পরমেশ্বরের দৃষ্টি ও তাহাদের প্রার্থনার প্রতি তাঁহার কর্ণ আছে; কিন্তু দুষ্কর্ম্মিদের প্রতি পরমেশ্বর বিমুখআছেন।

সমাপ্ত।